# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩৫৮৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ শরীয়তের নির্দেশাবলী লংঘন করতে দেখলে ক্রোধান্বিত হওয়া এবং আল্লাহর দ্বীনের সংরক্ষণ ও পৃষ্ঠপোষকতার বিবরণ

### আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ النَّبيَّ ﷺ رَأى نُخَامَةً فِي الْقِبْلَةِ فَشَقَّ ذٰلِك عَلَيْهِ حَتّٰى رُؤِيَ فِي وَجْهِهِ ؛ فَقَامَ فَحَكَّهُ بِيَدِهِ فَقَالَ إِنَّ أَحَدَكُمْ إِذَا قَامَ فِي صلاَتِهِ فَإِنَّهُ يُنَاجِي رَبَّهُ وَإِنَّ رَبَّهُ بَيْنَهُ وَبَيْنَ القِبلَةِ فَلاَ يَبْزُقَنَّ أحَدُكُمْ قِبلَ الْقِبْلَةِ وَلَكِنْ عَنْ يَسارِهِ أَوْ تَحْتَ قَدَمِهِ ثُمَّ أخَذَ طَرَفَ رِدائِهِ فَبَصَقَ فِيهِ ثُمَّ رَدَّ بَعْضَهُ عَلَى بَعْضٍ فَقالَ أَوْ يَفْعَلُ هٰكَذَا متفقٌ عَلَيْهِ

### বাংলা

(৩৫৮৪) আনাস (রাঃ) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিবলার (দিকের দেওয়ালে) থুথু দেখতে পেলেন এটা তাঁর প্রতি খুব ভারী মনে হল; এমনকি তাঁর চেহারায় সে চিহ্ন দেখা গেল। ফলে দাঁড়ালেন এবং তিনি তা নিজ হাত দ্বারা ঘষে তুলে ফেললেন। তারপর বললেন, তোমাদের কেউ যখন নামাযে দাঁড়ায়, তখন সে তার প্রতিপালকের সাথে কানে কানে (ফিসফিস ক'রে কথা) বলে। আর তার প্রতিপালক তার ও কেবলার মধ্যস্থলে থাকেন। সুতরাং তোমাদের কেউ যেন কেবলার দিকে থুথু না ফেলে; বরং তার বামে অথবা পদতলে ফেলে। অতঃপর তিনি তাঁর চাদরের এক প্রান্ত ধরে তাতে থুথু নিক্ষেপ করলেন। তারপর তিনি তার এক অংশকে আর এক অংশের সাথে রগড়ে দিয়ে বললেন, কিংবা এইরূপ করে। (বুখারী ৪০৫, মুসলিম ৭৭০৫)

### ফুটনোট

* বাম দিকে অথবা পায়ের নিচে থুথু ফেলার নির্দেশ তখন পালনীয়, যখন নামায মসজিদ ছাড়া অন্য কোথাও (মাটিতে) হবে। পক্ষান্তরে নামায মসজিদে হলে কাপড়ে (অথবা টিসুতেই) থুথু (শ্লেষ্মা ইত্যাদি) ফেলতে হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67332

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন